



# বিকাশের মনোনয়ন বাতিলে ষড়যন্ত্র দেখছে সিপিএম

# টিএমসিপি-র গোষ্ঠী সংঘর্ষে রক্তাক্ত জয়পুরিয়া কলেজ

নির্বাচন কমিশনকে কলঙ্কিত করার চেষ্টা: পার্থ



স্টাফ রিপোর্টার: রাজসভার প্রার্থী হিসাবে বিকাশরঞ্জন ভট্টাচার্যের মনোনয়ন বাতিলের ঘটনা নিয়ে সোমবার দিনভর সরগরম রইল রাজ্য রাজনীতি। বামপ্রার্থীর মনোনয়ন বাতিলের ঘটনায় সিপিএম ও তৃণমূল মতো চাপানউতোর চরমে ওঠে। ঘটনার পিছনে ষড়যন্ত্র দেখছে সিপিএম তথা বামফ্রন্ট। বিকাশরঞ্জন ভট্টাচার্যের মনোনয়ন বাতিল হওয়ার পর বাম পরিষদীয় দলনেতা সূজন চক্রবর্তী বলেন, 'বিকাশবাবুর মনোনয়ন বাতিল করা হবে, এটা আগে থেকেই ঠিক ছিল। বড় ষড়যন্ত্রের শিকার হয়েছি



আমরা।' তৃণমূলকে আক্রমণ করে সূজন চক্রবর্তী বলেন, 'তৃণমূল আপত্তি জানিয়েছিল। আসলে ওরা ভয় পেয়েছে।' তবে সিপিএমের এই আক্রমণের জবাব দিতে এতটুকু দেরি করেনি তৃণমূল কংগ্রেস। দলের মহাসচিব পার্থ চট্টোপাধ্যায় সূজন চক্রবর্তীর মন্তব্যের জবাব দিয়ে বলেন, 'তৃণমূলের ভয় পাওয়ার কোনও কারণ নেই।' সিপিএমকে তাঁর খোঁচ, 'ওরা কখনও অন্ধ করে দেবেছে? অন্ধ করলেই বুঝে যেত ওদের কোনও চান্দ নেই।' পার্থ চট্টোপাধ্যায়ের আরও মন্তব্য, 'আসলে ওরা নির্বাচন কমিশনকে

কলঙ্কিত করতে চাইছে।' প্রসঙ্গত, রাজসভা নির্বাচনে রাজ্য থেকে বর্ষ আসনে প্রার্থী দেওয়া নিয়ে সিপিএম ও কংগ্রেসের মধ্যে সমঝোতা চলছিল। সিপিএমের সাধারণ সম্পাদক সীতারাম ইয়োরুচিরকে প্রার্থী করা হলে সমর্থন জানানো হবে বলে কংগ্রেসের তরফে বলা হয়। কিন্তু সিপিএম কেন্দ্রীয় কমিটির আপত্তিতে সেই পরিকল্পনা ব্যর্থ হয়। শেষমেশ মীরা কুমারকে প্রার্থী করা হবে বলে আলোচনা শুরু হয়। কিন্তু শেষ পর্যন্ত প্রদীপ ভট্টাচার্যকে প্রার্থী হিসাবে ঘোষণা করে কংগ্রেস। গত বৃহস্পতিবার তাঁর নাম চূড়ান্ত হয়।



নির্বাচন কমিশনকে বাম পরিষদীয় দলনেতার কটাক্ষ, '২৮ জুলাই মনোনয়ন পত্রের সেকেন্ড এফিডেভিট ৩টে ২ মিনিটে জমা দেওয়া হয়। কিন্তু তা ৩টের মধ্যে জমা দেওয়ার কথা ছিল। যোহেতু ৩টে বেজে যায় তাই তারা এফিডেভিট গ্রহণ করেননি। আর গ্রহণ করেননি মানেই সেটা পাননি। আর সেটা ইনকমপ্লিট। আর তাই মনোনয়ন বাতিল করা হল। বাতিল যে ঘোষণা করবেন সেটা আগে থেকেই ঠিক ছিল। এই নিয়ে সিপিএমকে বিধিতে ছাড়েননি পার্থ চট্টোপাধ্যায়। তাঁর বক্তব্য, 'বিজেপি যেমন স্বাধীন সংস্থাকে কাজে লাগানোর চেষ্টা করছে, ঠিক একই কায়দায় সিপিএম নির্বাচন কমিশনের নিরপেক্ষতাকে চ্যালেঞ্জ করছে।



সোমবার কলকাতার মহাজাতি সড়নে আর্জিপ্টি ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজন করা হয়েছিল ষষ্ঠ বার্ষিক আর্জিপ্টিলাজিকাল কনফারেন্সের। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিচারপতি পুথিরাজ সেন, রাজ্য আইন কমিশনের চেয়ারম্যান প্রণব কুমার সেন, বিধায়ক অশোক দেব প্রমুখ।

## আর্জিপ্টি-র প্রতিষ্ঠা দিবস পালন

স্টাফ রিপোর্টার: রঞ্জিত জন্মসভেন পার্টি (আর্জিপ্টি)-র পক্ষ থেকে বিভিন্ন জায়গায় দলীয় পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে দলের নবম প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। সোনারপুর কেন্দ্রীয় অফিসেও পতাকা উত্তোলন করা হয়। সপ্তম সপ্তম এই জুলাই, ২০১৭-তে আমাদের পুরনো কমিটির মেয়াদ শেষ হওয়ার জন্য আমরা কেন্দ্রীয় কমিটির বৈঠকে আগস্ট, ২০১৭ থেকে জুলাই, ২০২০ মোট তিন বছরের কমিটি নির্বাচন করা হয়। সর্বভারতীয় সভাপতি হিসাবে আবার পুনর্নির্বাচিত হলেন বাদল দেবনাথ এবং পশ্চিমবঙ্গ রাজ্য সভাপতি হিসাবে অজয়রায় নির্বাচিত হন। সর্বভারতীয় সভাপতি বাদল দেবনাথ জানান, তৎসহিত অন্যান্য



বিধানসভায় রাজ্য থেকে রাজসভার ছয় প্রার্থী। বিকাশরঞ্জন ভট্টাচার্যের মনোনয়ন বাতিল হওয়ায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় তৃণমূলের পাঁচ ও কংগ্রেসের এক প্রার্থী রাজসভায় সাংসদ হতে চলেছেন।



গোপালনগর ৭৮ পল্লীর খুঁটি পূজায় মন্ত্রী ফিরহাদ হাকিম।

## পাহাড়ের সমস্যা সমতলে টেনে আনছে তৃণমূল সরকার, অভিযোগ বিজেপির

স্টাফ রিপোর্টার: পাহাড়ের অশান্ত পরিবেশকে সমতলে টেনে আনার চেষ্টা করছে তৃণমূল সরকার। এমনই অভিযোগ বিজেপির। এমনকী তাদের নেতাদের উপর চাপ সৃষ্টি করা হচ্ছে বলেও অভিযোগ গেরুয়া শিবিরের। সোমবার দলের রাজ্য দফতরে এক সাংবাদিক সম্মেলনে বিজেপির সাধারণ সম্পাদক সায়ন্তন বসু বলেন, 'দার্জিলিংয়ে যে সমস্যা সেই সমস্যা সমতলে ছড়িয়ে পড়ছে। রাজ্য সরকারই চাইছে সমস্যা হোক। যাতে আদিবাসীদের সঙ্গে মোর্চার লড়াই হয় রাজ্য সরকার সেই চেষ্টা করছে বলেই অভিযোগ সায়ন্তন বসুর।



সাংবাদিক সম্মেলনে সায়ন্তন বসু, মনোজ টিগা সহ অন্যান্যের।

তিনি বলেন, প্রশাসনকে কাজে লাগিয়ে বিজেপি নেতাদের চাপ দেওয়া হচ্ছে। তাদের বলা হচ্ছে, তৃণমূলে আসুন। এমনকী পুলিশ পৌছে যাচ্ছে বিজেপি বিধায়কের হোস্টেলেও। সরকার চাইছে আদিবাসীদের সঙ্গে মোর্চার

লড়াই হোক। সেই কারণেই এইসব করছে। উত্তরবঙ্গ থেকে বিজেপি বিধায়ক মনোজ টিগা বলেন, 'তৃণমূলের পক্ষ থেকে বলা হচ্ছে, আমাদের দলে আসুন। পাহাড়ের শান্তি সমতলে নামিয়ে আনার সর্বের প্রমাণ আছে বলেও দাবি চেষ্টা করছে তৃণমূল। আমরা শান্তি সায়ন্তন বসুর।